

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, নভেম্বর ৬, ২০০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রজ্ঞাপন

তারিখ, ২০ কার্তিক ১৪১১/৪ নভেম্বর ২০০৪

এস, আর, ও নং ৩১৩ আইন/২০০৪।—যেহেতু The Essential Services (Second) Ordinance, 1958 (E.P. Ordinance. No. XLI of 1958), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লেখিত, এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র মন্ত্রণালয়ের ২০-০৫-২০০৩ইং তারিখের প্রজ্ঞাপন এস আর ও নং ১৩৪-আইন/২০০৩ দ্বারা বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের সকল শ্রেণীর কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রযোজ্য ঘোষণা করিয়াছে এবং প্রজ্ঞাপন এস, আর, ও নং ১০৯ আইন/২০০৪, তারিখ ২২ এপ্রিল, ২০০৪ দ্বারা উক্ত Ordinance এর প্রযোজ্যতা বর্ধিত করা হইয়াছে, যাহার মেয়াদ আগামী ১৯-১১-২০০৪ তারিখে শেষ হইবে; এবং

যেহেতু বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের সকল শ্রেণীর কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রয়োগের প্রয়োজনীয়তা এখনও বিদ্যমান রহিয়াছে;

সেহেতু উক্ত Ordinance এর section 3 এর sub-section (2) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার এতদ্বারা বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের সকল শ্রেণীর কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতা আগামী ২০-১১-২০০৪ তারিখ হইতে (উক্ত তারিখ অন্তর্ভুক্ত) পরবর্তী ছয় মাস পর্যন্ত বর্ধিত করিল।

রত্নপতির আদেশক্রমে

মোঃ শাহজাহান আলী সরদার
উপ-সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৭১৩৩)

মূল্য : টাকা ১'০০